



## নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে প্রশিক্ষণ

গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক সফটওয়্যার 'কোহা'-এর ওপর পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান গতকাল নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সিভিকিট কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। বিশেষ অতিথি ছিলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আমিন ইউ সরকার এবং উপ-উপাচার্য প্রফেসর ড. এএলএম মেশকাত উদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশে লাইব্রেরিয়ানদের সংগঠন ব্যালিডের চেয়ারম্যান ড. মিজা মোহাম্মাদ রিয়াজুল ইসলাম এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান ড. ম্যুস্তাফিজুর রহমান। কোহা হচ্ছে গ্রন্থাগার পরিচালনার জন্য বিশ্বব্যাপী অত্যন্ত জনপ্রিয় একটি সফটওয়্যার। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় লাইব্রেরি আয়োজিত এই প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে এই সফটওয়্যার বিষয়ে পরিপূর্ণ ধারণা প্রদান করা হবে।